

এখন তোমার

এখন তোমার ইচ্ছে হল মানিয়ে নেব
 ঘরের সঙ্গে, পরের সঙ্গে, রাত্রি এবং
 দিনের সঙ্গে, ইচ্ছে তোমার
 চওড়া পথে দিনদুপুরে কেনাকাটা
 সুতির ছাপা চুড়িদারে শাদামাটা,
 বলবে না কেউ সুমধ্যমা
 আকাশ ফুঁড়ে কাছে-দূরে সামনে-পিছে-
 ফাটল থেকে ফোঁটায় না হল কাঁকড়া বিছে,
 এখন থেকে বিষের গুঁড়ো
 ছড়িয়ে দেওয়া অন্ধকারে ফাঁকফোকড়ে,
 বন্ধকরো কালমৃগয়া দ্বিপ্রহরে,
 এই ছেলেটা, কে তুই দূর হ -
 হায় ছেলেটা, ভেলভেলেটা, কাছে আসত
 একটা-দুটো পয়সা পেলে মেঘে ভাসত
 বর্তে গিয়ে তোমার দানে.....
 এখন থেকে পইতে পোড়া বন্ধচারি
 মাটির নিচে শুইয়ে দিলে তরবারি
 যেমন বলে সংবিধানে
 এখন থেকে ধুলো ঝেড়ে পড়াশোনা
 চুল কেটো না, নখ রেখো না, লক্ষ্মীসোনা
 এই তো ভাল, সবাই বোঝেন
 ইচ্ছে হল, কেন এমন ইচ্ছে হল
 ঘরের মধ্যে এই খেলাটাই সব চে ভাল
 বাইরে খোঁয়া কারসিনোজেন.....

শিবশঙ্কু পাল

